

রাস্তায় নামলেন শিক্ষক-শিক্ষার্থী ও অভিভাবকরা

৭০ প্রতিষ্ঠানের সামনে মানববন্ধন, পরে মিছিল-সমাবেশ



সঙ্গাস, চাঁদাবাজি, মাদক ও কিশোর গ্যাংয়ের দৌরাত্ম্যের প্রতিবাদে মঙ্গলবার রাজধানীর মোহাম্মদপুর ও আদাবর এলাকায় অন্তত ৭০টি শিক্ষাপ্রতিষ্ঠানের সামনে মানববন্ধন করেন শিক্ষক-শিক্ষার্থী ও অভিভাবকরা। ছবি-সমকাল

সমকাল প্রতিবেদক

প্রকাশ: ৩০ জুলাই ২০২৫ | ০১:২৫ | আপডেট: ৩০ জুলাই ২০২৫ | ২০:১১

| প্রিন্ট সংকরণ



রাজধানীর মোহাম্মদপুর-আদাবর এলাকা নিরাপদ করার দাবিতে বিশেষ র্যালি হয়েছে। গতকাল মঙ্গলবার মোহাম্মদপুর কেন্দ্রীয় কলেজের সামনে থেকে শুরু হয়ে নুরজাহান রোড, টাউন হল হয়ে তাজমহল রোড এলাকায় কর্মসূচি শেষ হয়।

এতে স্থানীয় ৭০টি স্কুল-কলেজ ও মাদ্রাসার শিক্ষক-শিক্ষার্থী, অভিভাবক, ইমাম ছাড়াও ব্যবসায়ীরা অংশ নেন।

র্যালির আগে সামাজিক সংগঠন আলফা স্টার ফাউন্ডেশনের উদ্যোগে প্রতিটি শিক্ষাপ্রতিষ্ঠানের সামনে মানববন্ধন হয়। এ সময় সবার হাতে ছিল ‘মাদক নয়, স্বপ্ন চাই’, ‘যে মুখে মা ডাকি, সে মুখে মাদক নয়’, ‘গ্যাং নয়, গড়ব ন্যায়নির্ভর সমাজ’ এমন স্লোগানের প্ল্যাকার্ড। আন্দোলনকারীরা সুশিক্ষা ও সহশিক্ষার মাধ্যমে মাদক, সন্ত্রাস ও কিশোর গ্যাংমুক্ত এবং ন্যায়নীতিভিত্তিক আদর্শ মোহাম্মদপুর-আদাবর গড়ার প্রত্যয় ব্যক্ত করেন।

একাদশ শ্রেণির শিক্ষার্থী মীম ফাতেমা বলে, ‘আমরা কেউ মাদক চাই না; কিশোর গ্যাং চাই না। আমরা পড়াশোনা করে পরিবার ও দেশের জন্য কিছু করতে চাই।’ স্থানীয় অভিভাবক সামসুন্নাহার বলেন, ‘আমার ছেলে অষ্টম শ্রেণিতে পড়ে।



বাইরে খেলতে গেলেই ভয় লাগে। আশপাশের কিশোর গ্যাংয়ের সদস্যরা ক্ষুলে যাওয়া-আসার সময় তাকে ভয় দেখায়।'

র্যালিতে যুগান্তরের সম্পাদক কবি আব্দুল হাই শিকদার বলেন, 'মোহাম্মদপুরকে এখন অনেকেই শুধু অপরাধের এলাকা মনে করেন। আজ যেভাবে শিক্ষার্থীরা রাস্তায় দাঁড়িয়েছে, বোৰা যায় পরিবর্তনের বাতাস বইছে। মাদক, সন্ত্রাস ও গ্যাং কালচারের বিরুদ্ধে এ প্রতিরোধ সারাদেশে ছড়িয়ে দেওয়া দরকার।'

এ সময় বিএনপি চেয়ারপারসনের উপদেষ্টা মোহাম্মদ আবদুস সালাম বলেন, 'মোহাম্মদপুরের আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ে প্রায় নেতৃত্বাচক খবর হয়। তবে আজকের কর্মসূচি প্রমাণ করল- এখানকার শিক্ষক-শিক্ষার্থীরা সচেতন। এ শক্তি কাজে লাগিয়ে আমরা মোহাম্মদপুরকে বাসযোগ্য ও নিরাপদ এলাকা হিসেবে গড়ে তুলতে পারি।'

মোহাম্মদপুর কেন্দ্রীয় কলেজের অধ্যক্ষ অধ্যাপক এইচ এম ওয়ালিউল্লাহ বলেন, 'শিক্ষক সমাজ আজ ঐক্যবদ্ধ। মোহাম্মদপুর-আদাবরের সব অন্যায় দূর হবে। আমরা শিক্ষার আলো দিয়ে সমাজ আলোকিত করব।'



আলফা স্টার ফাউন্ডেশনের চেয়ারম্যান কামরুল হাসান বলেন, ‘সমাজ বদলের জন্য শুধু প্রশাসন নয়, দরকার সবার সম্মিলিত উদ্যোগ। আজ মোহাম্মদপুর-আদাবরের মানুষ তা করে দেখিয়েছে। এটি এক দিনের প্রতীকী প্রতিবাদ নয়। আমরা ধারাবাহিকভাবে সভা-সেমিনার, কর্মশালার মাধ্যমে মাদক, সন্ত্রাস ও গ্যাং কালচারের বিরুদ্ধে সামাজিক সচেতনতা তৈরি করব।’

র্যালিতে লালমাটিয়া গার্লস হাইস্কুল অ্যান্ড কলেজ, পিসিকালচার হাউজিং পাবলিক স্কুল, গাউছিয়া ইসলামিয়া ফাজিল মাদ্রাসা, আদর্শ ইসলামী মিশন মহিলা কামিল মাদ্রাসা, বেগম শরিফা মেমোরিয়াল স্কুল, কনফিডেন্স মেমোরিয়াল হাইস্কুল, ওয়েষ্ট ধানমন্ডি ইউনিফ হাইস্কুল, শের-ই-বাংলা আইডিয়াল স্কুল, আলী হোসেন বালিকা উচ্চ বিদ্যালয়, ধানমন্ডি কচিকঞ্চ হাইস্কুলসহ বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষক-শিক্ষার্থীরা অংশ নেন।